**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
খুলনা
www.dss.khulnadiv.gov.bd

## "সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত" সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **অনিন্দিতা রায়,** পরিচালক (উপসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা। |
| তারিখ ও সময় | : | ১৯ জানুয়ারি ২০২৬ বেলা: ১১:০০ মিনিট। |
| সভার স্থান | : | পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর সম্মেলন কক্ষ। |
| সভার মাধ্যম | : | Zoom Cloud Meeting App |

সভার প্রারম্ভে সভাপতি সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের অগ্রগতি নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতা মূলক প্রচার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা | সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা সভায় কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর তিনি আসন্ন সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের তাৎপর্য তুলে ধরেন।<br><br>**জেলা ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মপরিকল্পনা ও বাস্তবায়নঃ**<br>**খুলনা জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা জানান, জেলার আওতাধীন সমাজসেবা অধিদপ্তরের সকল দপ্তরে ইতোমধ্যে নির্দেশনা মোতাবেক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। পাইকগাছা উপজেলায় এ সংক্রান্ত একটি প্রচারণা অনুষ্ঠান সম্পন্ন হয়েছে এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, শহর সমাজসেবা কার্যালয়-২, খুলনার প্রশিক্ষণার্থীদেরকে নিয়ে এ সংক্রান্ত একটি সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। খুলনা জেলার সমাজসেবা অধিদপ্তরাধীন সকল অংশীজনের মাঝে এ সংক্রান্ত গণসচেতনতা কার্যক্রম চলমান রয়েছে।<br>**নড়াইল জেলাঃ-** সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নড়াইল জানান, জেলায় গণভোট-২০২৬ উপলক্ষে ব্যাপক প্রচারণা চালানো হচ্ছে। প্রবেশনারদের নিয়ে ইতোমধ্যে একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। সকল দপ্তরে ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। সামাজিক নিরাপত্তা ও রোগী কল্যাণ সমিতির সংশ্লিষ্ট | বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনার আওতাধীন সকল জেলা ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে আসন্ন সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতা মূলক প্রচার প্রচারণা কার্যক্রম আরো বেগবান করতে হবে। সম্ভাব্য সকল অংশীজনদের সাথে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য নানাবিধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক (সকল) খুলনা বিভাগ<br><br>২। উপজেলা সমাজসেবা অফিসার (সকল) খুলনা বিভাগ<br><br>৩। সমাজসেবা অফিসার ইউসিডি ও হাসপাতাল সমাজসেবা (সকল) খুলনা বিভাগ<br><br>৪। প্রবেশন অফিসার (সকল) খুলনা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকল উপকারভোগীর মাঝে সচেতনতা সৃষ্টির কার্যক্রম চলমান আছে। প্রতিষ্ঠানে অবস্থানরত নিবাসীদের অভিভাবকদের নিয়ে এ সংক্রান্ত অবহিতকরণ সভা করা হয়েছে। সমাজসেবা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত গুগল শিটে সকল তথ্য এন্ট্রি করা হচ্ছে।<br>**চুয়াডাঙ্গা জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা জানান, নির্বাচন অফিস হতে সরবরাহকৃত লিফলেট অফিসে আগত সকল অংশীজনের মাঝে বিতরণ করা হচ্ছে এছাড়াও জেলার সকল দপ্তরে জনসচেতনতা মূলক প্রচার কার্যক্রমের ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত সকল এতিমখানা সংলগ্ন মসজিদের মাইকে এ সংক্রান্ত প্রচার প্রচারণা চালানো হচ্ছে।<br>**ঝিনাইদহ জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ জানান, গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতা বৃদ্ধিতে জেলার আওতাধীন সকল দপ্তরে নির্দেশনা প্রদান করা হয়েছে। ড্রপ ডাউন ব্যানার স্থাপন ও লিফলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। জেলা নির্বাচন অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে এ বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে।<br>**কুষ্টিয়া জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া জানান, জেলা সমন্বয় সভায় এ বিষয়ে সকলকে সচেতনতা বৃদ্ধির জন্য অবহিত করা হয়েছে। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, শহর সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়ার প্রশিক্ষণার্থীদেরকে নিয়ে এ সংক্রান্ত একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের চলমান সকল প্রকল্প গ্রামের সভায় গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতা বৃদ্ধিতে অবহিত করা হচ্ছে।<br>**মাগুরা জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মাগুরা জানান, ইতোমধ্যে সকল ইউনিট অফিস সমূহকে গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম বেগবান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। যার যার অবস্থান থেকে এ বিষয়ে কাজ করতে বলা হয়েছে। জেলার আওতাধীন সকল অফিসে ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। উঠান বৈঠক এ বিষয়ে প্রচারণা চালানো হচ্ছে। শিশু পরিবারে অবস্থানরত নিবাসীদের অভিভাবকদের নিয়ে এ সংক্রান্ত একটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে লিফলেট বিতরণ ও মৌখিকভাবে প্রচার করা হচ্ছে।<br>**মেহেরপুর জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর জানান, প্রতিষ্ঠানে অবস্থানরত নিবাসীদের অভিভাবকদের নিয়ে বিগত ২৭/১২/২০২৫ ও ০২/০১/২০২৬ তারিখে এ সংক্রান্ত দুইটি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের চলমান সকল প্রকল্প গ্রামের 'গ্রাম কমিটির' সভাপতির মাধ্যমে গণভোট-২০২৬ উপলক্ষে | | ৫। তত্ত্বাবধায়ক/<br>অধ্যক্ষ/<br>উপতত্ত্বাবধায়ক/<br>উপ-প্রকল্প পরিচালক/<br>ব্যবস্থাপক<br>(সকল)<br>খুলনা বিভাগ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | জনসচেতনতা বৃদ্ধিতে সদস্যদের অবহিত করা হচ্ছে। ইতোমধ্যে গণভোট-২০২৬ উপলক্ষে প্রচার কার্যক্রমের ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে।<br>**সাতক্ষীরা জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা জানান, সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের গুরুত্ব তুলে ধরে ইতোমধ্যে জেলার সকল দপ্তরে ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। এ সংক্রান্ত ০৫টি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে এবং সকল তথ্য গুগল শিটে এন্ট্রি করা হচ্ছে। তালা উপজেলায় এ সংক্রান্ত একটি সেমিনার করা হয়েছে। জেলার সকল কর্মকর্তা ও কর্মচারীদের গণভোট-২০২৬ উপলক্ষে ব্যাপক প্রচারণা চালানোর নির্দেশনা দেয়া হয়েছে।<br>**বাগেরহাট জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট জানান, এ সংক্রান্ত প্রচারণার অংশ হিসেবে উঠান বৈঠক করা হচ্ছে। জেলার আওতাধীন নিবন্ধনপ্রাপ্ত সকল এনজিও কে নিয়ে একটি সভা করা হয়েছে। ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত সকল এতিমখানা সংলগ্ন মসজিদের মাইকে এ সংক্রান্ত প্রচার প্রচারণা চালানোর নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>**যশোর জেলাঃ-** উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, যশোর হতে জানা যায়, শিশু উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট, যশোরে ইতোমধ্যে এ সংক্রান্ত একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের গুরুত্ব তুলে ধরে ইতোমধ্যে জেলার সকল দপ্তরে ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে।<br>**জেনারেল ম্যানেজার (উপপরিচালক), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, আশাশুনি, সাতক্ষীরাঃ-** প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থী ও অভিভাবকদের নিয়ে এ সংক্রান্ত একটি অবহিতকরণ সভা করা হয়েছে এবং ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়েছে।<br>**অতিরিক্ত পরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা**, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনাঃ- সকল জেলার শহর সমাজসেবা কার্যালয়ের আওতাধীন সমন্বয় পরিষদ, হাসপাতাল, রোগী কল্যাণ সমিতি, প্রবেশন কার্যালয় সমূহকে এ কার্যক্রমের সাথে সংযুক্ত করা এবং সকল তথ্য নির্ধারিত গুগল শিটে এন্ট্রির বিষয়ে আলোচনা করেন।<br>**সদস্য সচিব ও উপপরিচালক,** বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা আসন্ন সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের অগ্রগতি বৃদ্ধির গুরুত্ব ও তার প্রতিফলন সম্পর্কে আলোচনা করেন। | | |

২। সভাপতি বলেন, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট-২০২৬ উপলক্ষে ভোটারদের মধ্যে জনসচেতনতা তৈরি করতে হবে। যার যার অবস্থান থেকে এ বিষয়ে সচেতনতা সৃষ্টিতে সর্বদা সচেষ্ট থাকতে হবে এবং আগামী ২২/০১/২০২৬ তারিখ সকাল ১১:০০ টায় গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে খুলনা বিভাগীয় কমিশনার অফিস প্রাঙ্গণে ''বিভাগীয় অডিটরিয়ামে'' মতবিনিময় সভায় জেলা ও উপজেলা পর্যায়ে সমাজসেবা অফিসার/সমমান কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

19.01.2026
অনিন্দিতা রায়
পরিচালক (উপসচিব)
ও
সভাপতি, সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত খুলনা বিভাগীয় কমিটি, খুলনা
ফোন :০২৪৭৭-৭২০৪৬০ (অফিস)

স্মারক নম্বর ৪১.২৪.৪০০০.০০০.০০০.২২.০০০১.২৬. ১০

তারিখ: ২০/০১/২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা বিভাগ (সকল)।
২। জেনারেল ম্যানেজার (উপপরিচালক), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, আশাশুনি, সাতক্ষীরা।
৩। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, খুলনা বিভাগ (সকল)।
৪। সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, খুলনা বিভাগ (সকল)।
৫। প্রবেশন অফিসার, প্রবেশন অফিসারের কার্যালয়, খুলনা বিভাগ (সকল)।
৬। সমাজসেবা অফিসার, হাসপাতাল সমাজসেবা কার্যালয়, খুলনা বিভাগ (সকল)।
৭। তত্ত্বাবধায়ক/ অধ্যক্ষ/ উপতত্ত্বাবধায়ক/ উপ-প্রকল্প পরিচালক/ ব্যবস্থাপক,............................................................।
৮। অফিস কপি।

২০/০১/২৬
খান মোতাহার হোসেন
উপপরিচালক
ও
সদস্য সচিব, সাংবিধানিক সংস্কার বিষয়ক গণভোট-২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত খুলনা বিভাগীয় কমিটি, খুলনা
ফোন :০২৪৭৭-৭২০৪৬৩ (অফিস)